

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে হাদীস বর্ণনার ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা ও এ ক্ষেত্রে যাচাইবাছাই করা প্রসঙ্গে

بَابُ اتِّقَاءِ الْحَدِيثِ عَنِ النَّبِيِّ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَالتَّتَبُّتِ فِيهِ

## আরবী

أَخْبَرَنَا هَارُونُ بْنُ مُعَاوِيَةَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ سُلَيْمَانَ، عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ، عَنْ مُحَمَّدِ بْنِ بِشُرِ، عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدًا، فَلْيَتَبَوَّأُ مَقْعَدَهُ مِنَ النَّارِ

إسناده صحيح

## বাংলা

২৪৪. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার উপর মিথ্যারোপ করে, সে যেন জাহান্নামে তার বাসস্থান বানিয়ে নেয়।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: আমার ধারণা, এ মুহাম্মদ ইবনু বাশার যদি মাহফুয হয়, তবে তিনি মুহাম্মদ ইবনু সীরীন হবেন, তাহলে এটি মুসনাদে আহমাদ ৩/১১৩ ও ইবনু আবী শাইবা ৮/৭৫৯ তে আসেম ইবনু সুলাইমান হতে, তিনি আনাস হতে... এ সন্দ সহীহ।

তাখরীজ: পূর্বের হাদীস দুটি ২৪১, ২৪২ দেখুন। এছাড়া, বিভিন্ন সনদে এটি দেখুন তাহাবী, মুশকিলুল আছার, ১/১৬৪-১৭৫ ও ইবনুল জাউযীর আল মাউযু'আত ১/৫৫-৯৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=69555}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন